গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম।
(দুর্যোগ ব্যবস্থাপনা শাখা)
www.kurigram.gov.bd

| | | |
|---|---|---|
| বিষয় | : | আন্তর্জাতিক দুর্যোগ প্রশমন দিবস ২০২১ উদযাপন উপলক্ষে প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী। |
| সভাপতি | : | মোহাম্মদ রেজাউল করিম<br>জেলা প্রশাসক, কুড়িগ্রাম। |
| স্থান | : | জেলা প্রশাসকের সম্মেলনকক্ষ, কুড়িগ্রাম। |
| তারিখ | : | ১০/১০/২০২১ খ্রিঃ, সময়ঃ- বেলা-১১.৩০ ঘটিকা। |

উপস্থিত সদস্যবৃন্দ (পরিশিষ্ট ''ক'')

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি জানান ভৌগোলিক অবস্থান, প্রাকৃতিক পরিবেশ বাংলাদেশকে বিশ্বের মানচিত্রে অন্যতম প্রধান দুর্যোগ প্রবণ দেশ হিসেবে চিহ্নিত করেছে। প্রাকৃতিক দুর্যোগ সম্পূর্ণভাবে নিয়ন্ত্রণ করা সম্ভব নয়, তবে ব্যাপক পূর্ব প্রস্তুতি ও জনগোষ্ঠীর মাঝে সচেতনতা সৃষ্টির মাধ্যমে ক্ষয়ক্ষতির মাত্রা বহুলাংশে কমানো সম্ভব। দুর্যোগে ক্ষয়ক্ষতি কমিয়ে আনা এবং জনগণের মাঝে সচেতনতা বৃদ্ধি ও দুর্যোগ প্রশমনে অভ্যস্থ জনগোষ্ঠী সৃষ্টির জন্য ১৩ অক্টোবর "আন্তর্জাতিক দুর্যোগ প্রশমন দিবস" হিসেবে পালিত হয়ে আসছে। আগামী ১৩ অক্টোবর "আন্তর্জাতিক দুর্যোগ প্রশমন দিবস-২০২১" উদযাপন ও সিপিপির ৫০ বছর পূর্তি উপলক্ষ্যে মুজিব শতবর্ষে "আন্তর্জাতিক দুর্যোগ প্রশমন দিবস-২০২১" যথাযোগ্য মর্যাদায় উদযাপনের জন্য নির্দেশনা দিয়ে এ বছর দিবসের প্রতিপাদ্য নির্ধারণ করা হয়েছে।

**''মুজিববর্ষের প্রতিশ্রুতি**
**জোরদার করি দুর্যোগ প্রস্তুতি''**

যথাযোগ্য মর্যাদায় কেন্দ্রীয় অনুষ্ঠানসূচির সাথে মিল রেখে ''**আগামী ১৩ অক্টোবর ২০২১ আন্তর্জাতিক দুর্যোগ প্রশমন দিবস-২০২১**'' উপলক্ষে জেলা ও উপজেলা পর্যায়ে আলোচনা সভা ও শিক্ষা প্রতিষ্ঠান/সরকারী দপ্তর/হাসপাতাল/মার্কেটে ভূমিকম্প ও অগ্নিকান্ড বিষয়ক মহড়া আয়োজনের করার জন্য নির্দেশনা পাওয়া গিয়েছে। সামাজিক দূরুত্ব বজায় রেখে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের সহযোগিতায় ১৩ অক্টোবর ২০২১ আন্তর্জাতিক দুর্যোগ প্রশমন দিবস-২০২১ উপলক্ষে ভূমিকম্প ও অগ্নিকান্ড বিষয়ক মহড়া অনুষ্ঠানের আয়োজন ও আলোচনা সভার বিষয়ে নিম্নরূপভাবে সিদ্ধান্ত গৃহিত হয়ঃ

| কর্মসূচি | সময় | স্থান | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ভূমিকম্প ও অগ্নিকান্ড বিষয়ক মহড়া | সকাল ১০.০০ টায় তারিখ: ১৩/১০/২০২১ খ্রিঃ। | জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম অফিস চত্তর | ১। পুলিশ সুপার,কুড়িগ্রাম।<br>২। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), কুড়িগ্রাম।<br>৩। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), কুড়িগ্রাম।<br>৪। উপজেলা নির্বাহী অফিসার, কুড়িগ্রাম সদর, কুড়িগ্রাম।<br>৫। নেজারত ডেপুটি কালেক্টর, কুড়িগ্রাম।<br>৬। সহকারী কমিশনার............... (সকল),<br>জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম।<br>৭। উপ-সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স।<br>৮। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কুড়িগ্রাম সদর, কুড়িগ্রাম।<br>৯। প্রশাসনিক কর্মকর্তা, জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম।<br>১০। জেলা নাজির, জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম।<br>১১। ইউনিট অফিসার, বাংলাদেশ রেডক্রিসেন্ট সোসাইটি, কুড়িগ্রাম।<br>১২। সাধারণ সম্পাদক, বাংলাদেশ স্কাউট/রোভার স্কাউট, কুড়িগ্রাম।<br>১৩। এনজিও সকল, কুড়িগ্রাম। |
| আলোচনা সভা | সকাল ১১.০০ টায় | জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম অফিস চত্তর "উদগিরণ" | ১। উপ-পরিচালক, স্থানীয় সরকার, কুড়িগ্রাম।<br>২। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক/রাজস্ব), কুড়িগ্রাম।<br>৩। উপজেলা নির্বাহী অফিসার, কুড়িগ্রাম সদর, কুড়িগ্রাম।<br>৪। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, কুড়িগ্রাম। |

আলোচনা ও সিদ্ধান্ত:

১। উপজেলা পর্যায়ে (কুড়িগ্রাম সদর উপজেলা ব্যাতিত) ১৩ অক্টোবর আন্তর্জাতিক দুর্যোগ প্রশমন দিবস-২০২১ সফলভাবে উদযাপনের নিমিত্তে কেন্দ্রীয় কর্মসূচির সাথে মিল রেখে দিবসটি উদযাপনের জন্য কর্মসূচি প্রণয়ন করবেন।

চলমান/০২

২। উপজেলা নির্বাহী অফিসার, কুড়িগ্রাম সদর, কুড়িগ্রাম জেলা প্রশাসনের সাথে একীভূত হয়ে দিবসটি সফলভাবে উদযাপন করবেন।

৩। উপ-পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, কুড়িগ্রাম ঐ দিন কুড়িগ্রাম জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম চত্বরে নিজ উদ্যোগে ভূমিকম্প ও অগ্নিকান্ডে সচেনতা বিষয়ক মহড়া আয়োজনের ব্যবস্থা গ্রহণ করবেন।

৪। উপ-পরিচালক, জেলা তথ্য অফিস, কুড়িগ্রাম ঐ দিন আলোচনা সভা ও ভূমিকম্প ও অগ্নিকান্ড বিষয়ক মহড়া অনুষ্ঠানে প্রয়োজনীয় সংখ্যক মাইক সরবরাহ করবেন।

৫। জেলার সকল এনজিও ১৩ অক্টোবর আন্তর্জাতিক দুর্যোগ প্রশমন দিবস-২০২১ সফলভাবে উদযাপনের নিমিত্তে সার্বিক সহযোগিতাসহ আলোচনাসভা ও মহড়া অনুষ্ঠানের জন্য নির্ধারিত সময়ে উপস্থিত থাকবেন।

অত:পর আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

স্বাক্ষরিত/-
(১০-১০-২০২১ খ্রিঃ)
(মোহাম্মদ রেজাউল করিম)
জেলা প্রশাসক
ও
সভাপতি, জেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি
কুড়িগ্রাম।
ফোন- ০৫৮১-৬১৬৮৫ (অঃ)
ই-মেইল dckurigram@mopa.gov.bd

স্মারক নং- ৫১.০১.৪৯০০.০০০.০৬.০০১১.১৯-৬০৮ তারিখঃ-১০/১০/২০২১ খ্রিঃ।

অনুলিপিঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়/প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
২। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৪। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৫। মন্ত্রীর একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য।
৬। পুলিশ সুপার, কুড়িগ্রাম।
৭। সিভিল সার্জন, কুড়িগ্রাম।
৮। মেয়র, কুড়িগ্রাম/নাগেশ্বরী/উলিপুর পৌরসভা, কুড়িগ্রাম।
৯। ..........................................................................কুড়িগ্রাম।
১০। চেয়ারম্যান, উপজেলা পরিষদ (সকল),.................................. কুড়িগ্রাম।
১১। উপজেলা নির্বাহী অফিসার (সকল),....................................... কুড়িগ্রাম।
১২। সহকারী কমিশনার, আইসিটি, জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম (তাকে বর্ণিত কার্যবিবরণী ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)।
১৩। জেলা তথ্য অফিসার, কুড়িগ্রাম।
১৪। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা (সকল)...........................কুড়িগ্রাম।
১৫। ......................................................কুড়িগ্রাম।
১৬। অফিস নথি।

১০.১০.২০২১
(মোঃ আব্দুল হাই সরকার)
জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা
ও
সদস্য সচিব
জেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি, কুড়িগ্রাম।
ফোন নং- ০৫৮১-৬১৬৩০
ই-মেইল drro.kurigram@gmail.com